বর্জ্য থেকে জ্বালানি তেল উৎপাদনে সহযোগিতার আশ্বাস প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

মানববর্জ্য ও কৃষিজ অবশিষ্টাংশ থেকে জ্বালানি তেল উৎপাদনের প্রযুক্তি দেখেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রকল্পটি বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছেন তিনি।

শনিবার (১০ অক্টোবর) সকালে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) গবেষকদের উদ্ভাবিত প্রকল্পটি উপস্থাপন করা হয়। গবেষক অধ্যাপক ড. মো. খালেকুজ্জামান প্রযুক্তির অগ্রগতি ও বাণিজ্যিক সম্ভাবনা তুলে ধরেন।

গবেষকেরা জানান, প্রায় ১০ বছরের গবেষণায় 'হাইড্রোথার্মাল লিকুইফ্যাকশন' প্রযুক্তি ব্যবহার করে পরীক্ষাগারে ৫০ থেকে ৫৫ শতাংশ পর্যন্ত বায়োক্রুড বা জৈব অপরিশোধিত তেল উৎপাদনের সাফল্য পাওয়া গেছে।

পরবর্তী ধাপে দৈনিক ১ থেকে ৩ টন বর্জ্য প্রক্রিয়াকরণে সক্ষম পাইলট প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনা রয়েছে। এতে আনুমানিক ১০০ থেকে ১২০ কোটি টাকা প্রয়োজন হবে। প্রযুক্তিটি বাণিজ্যিকভাবে সফল হলে আমদানিকৃত অপরিশোধিত তেলের ১০ থেকে ১৫ শতাংশ প্রতিস্থাপন এবং বছরে ৬ হাজার ৫০০ থেকে ১৩ হাজার কোটি টাকা সমমূল্যের বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের সম্ভাবনা রয়েছে বলে জানান গবেষকেরা।

এ সময় বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল মাহমুদ টুকু, প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, ইউজিসি সদস্য অধ্যাপক আব্দুল্লাহ আল মামুন, কুয়েটের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মাছুদ এবং বিপিসির চেয়ারম্যান ড. মোহাম্মদ রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।